জুন 2020

প্রিয় ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ELLs) মাতা-পিতা এবং অভিভাবক,

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ এবং আপনার সন্তানের স্কুল গত কয়েক মাস ধরে উল্লেখযোগ্য ভাবে নীতির পরিবর্তন করেছে যেগুলি COVID-19 স্কুল বন্ধের সময় কার্যকর হবে। অনুগ্রহ করে জেনে রাখবেন যে এই পরিবর্তনগুলি এবং ভবিষ্যতের যেকোনও সামঞ্জস্য আপনার ইএলএল (ELL) সন্তানের স্বার্থের কথা মাথায় রেখেই করা হয়েছে এবং আপনার সন্তানের শিক্ষা পরিকল্পনার পরিবর্তনের জন্য শিক্ষকদের পথপ্রদর্শন করার সময় সুরক্ষা এবং ন্যায়বিচার নিশ্চিত করা মূল বিবেচ্য বিষয় হিসাবে গণ্য করা হয়। দূরবর্তী শিক্ষা (প্রযুক্তি সহ এবং/বা আপনার সন্তানের শিক্ষকের কাছ থেকে অন্য ইমেইল বা পরিসম্পদ দ্বারা) আপনার সহায়তা ছাড়া সম্ভবপর হবে না। এই ট্রান্সিসনের সময় আমাদের সহায়তা করার জন্য আপনি যেসব করেছেন এবং বাকী স্কুলবর্ষের জন্য, গ্রীষ্মকালে, এবং 2020-21 স্কুল বর্ষে তা চালিয়ে যাওয়ার জন্য ধন্যবাদ।

যেহেতু আপনি আপনার সন্তানকে স্কুলে সাহায্যের জন্য অংশীদার তাই, আমরা স্বীকার করি যে COVID-19 এর কারনে হওয়া বন্ধের জন্য দূরগামী শিক্ষার সময় আপনার ভূমিকাটা আরও গুরুত্বপূর্ণ। নীচে কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তনগুলি সম্বন্ধে দেওয়া হয়েছে যা আমরা আপনাদের জানাতে চাই:

- এটা গুরুত্বপূর্ণ যে আপনি আপনার সন্তানের স্কুলের সাথে সম্পর্ক রাখবেন, যাতে আপনার সন্তানের সাম্প্রতিক আপডেটগুলি সম্বন্ধে আপনি জানতে পারেন। আপনার সন্তানের শিক্ষা এবং ভাষায় উন্নতি হচ্ছে তা নিশ্চিত করার জন্য অনুগ্রহ করে ফোন, ইমেইল, বা অনলাইন আবেদনে যোগাযোগ করা নিয়মিত রাখবেন।
- আপনার যদি ফুড ব্যাঙ্ক পরিসম্পদ, অনলাইন শিক্ষায় অ্যাক্সেস, বা আপনার সন্তান বা আপনার পরিবারের জন্য অন্য যেকোন সহায়তার ক্ষেত্রে প্রযুক্তিগত সরঞ্জামগুলি সন্ধানের জন্য সহায়তার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন যাতে তারা আপনাকে এই গুরুত্বপূর্ণ পরিসম্পদগুলির সাথে সংযুক্ত করতে পারেন।
- স্কুলগুলি আপনার সন্তানের জন্য প্রয়োজনীয় পরিষেবা নিবন্ধকরণ ও সনাক্তকরণের প্রক্রিয়া চালিয়ে যাবে। এগুলি ভিডিও কনফারেন্স, ফোন কল, বা ইমেলের মাধ্যমে হতে পারে।
- অনুগ্রহ করে নিশ্চিত করবেন যে স্কুলের কাছে যেন আপনার আপডেটকৃত যোগাযোগ বিবরণ থাকে যাতে আপনি গুরুত্বপূর্ণ তথ্যগুলি দ্রুত পেতে পারেন।
- সফলতার জন্য প্রয়োজনীয় সহায়তাগুলি প্রদান করার জন্য সব শিক্ষকরা দায়িত্বশীল। বিভিন্ন শিক্ষক আপনার সন্তানের প্রয়োজনীয়তা সম্বন্ধে তথ্য সহ আপনার কাছে পৌছাতে পারেন।
- শিক্ষার্থীরা সুরক্ষিত আছে এটা নিশ্চিত করার জন্য গ্রীষ্মকালীন স্কুল অনলাইন নির্দেশনায় স্থানান্তর করা হয়েছে।
- বর্তমান সময় অনুসারে, 2020-21 স্কুল বর্ষ শুরু হওয়ার সময়, সমস্ত ELLs গুলিকে তাদের বর্তমান ইংরেজি দক্ষতার স্তরে স্থাপন করা হবে (প্রবেশ, উদীয়মান, রূপান্তর, সম্প্রসারণ)। এটা সুনিশ্চিত করবে যে ELLs গুলি 2020-21 স্কুল বর্ষ শুরু করার জন্য তাদের ভাষার প্রয়োজনীয়তার জন্য উপযুক্ত সহায়তা পাবে
- স্কুলগুলি 2020-21 স্কুল বর্ষের জন্য ELLs গুলি কিভাবে ভাষার উন্নতি প্রদর্শন করতে পারে সে সম্বন্ধে কোন আপডেট আপনাকে জানানোর জন্য আপনার সাথে যোগাযোগ করা উচিত। আপনার সন্তানকে রেজিস্টার করার পর, আপনি কোন ভাষায় এইসব তথ্য পাওয়া পছন্দ করবেন সে সম্বন্ধে

তথ্য প্রদান করেন। স্কুলগুলির উচিত অনুবাদ এবং ব্যাখ্যা পরিসম্পদের ব্যবহার অব্যাহত রাখা এটা নিশ্চিত করার জন্য যে আপনি তথ্যসমূহ পেয়েছেন।

অতিরিক্ত পরিসম্পদের জন্য, অনুগ্রহ করে এলাকা অনুযায়ী আপনার স্থানীয় কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলির তালিকা দেখুন: http://www.nysed.gov/bilingual-ed/guide-community-based-organizations-immigrants

এছাড়াও, সব মাতা-পিতার জন্য নিউ ইয়র্ক স্টেট ELL মাতা-পিতার হটলাইন উপলব্ধ রয়েছে। যোগাযোগের জন্য দশটি ভাষায় কর্মী এবং সংস্থানগুল উপলব্ধ রয়েছে। হটলাইনটি ELLs এর মাতা-পিতা, অভিভাবক, এবং পরিচর্যাপ্রদানকারীদের তাদের সন্তানের জন্য নিউ ইয়র্ক স্টেট কমিশনারের আইন খণ্ড 154 এর অধীনে অধিকার ও পরিষেবাগুলি সম্বন্ধে তথ্য প্রদান করে। আরও তথ্যের জন্য বা আপনার সন্তানের জন্য আপনার অধিকার বা পরিষেবা সম্বন্ধে আপনার যদি নির্দিষ্ট কোন অনুসন্ধান থাকে, অনুগ্রহ করে (৪00) 469-৪224 নম্বরের মাধ্যমে হটলাইনে যোগাযোগ করুন বা ইমেইলের মাধ্যমে - https://research.steinhardt.nyu.edu/metrocenter/ellparenthotline তে যোগাযোগ করুন।

আপনার সন্তানের সফলতা এবং বিকাশের সমর্থনের জন্য আপনি যা করেছেন তার জন্য ধন্যবাদ। নিরাপদ এবং সুস্থ থাকুন।

বিনীত,

The New York State Regional Bilingual Education Resource Networks (RBERNs)

New York State Language RBERN (Statewide)
New York University Metro Center
726 Broadway – 5th Floor
New York, NY 10003
Tel: (212) 992-6730
Website: http://steinhardt.nyu.edu/metrocenter/rbern/

Mid-State RBERN at OCM BOCES
Mailing address: PO BOX 4754, Syracuse, NY 13221
Located at: 110 Elwood Davis Road,
Liverpool, NY 13088
Tel: (315) 433-2664 or 2610
Website: http://www.ocmboces.org/rbern

Capital District RBERN at Questar III BOCES
10 Empire State Boulevard
Castleton, NY 12033
Tel: (518) 477-8771
Website: https://rbern.org/

Mid-West RBERN at Monroe 2 - Orleans BOCES
3599 Big Ridge Road
Spencerport, NY 14559
Tel: (585) 352-2790
Website: https://www.monroe2boces.org/mid-westrbe-rn_home.aspx

Hudson Valley RBERN at SW BOCES
450 Mamaroneck Avenue
Harrison, NY 10528
Tel: (914) 345-8500
Website: https://www.hudsonvalleyrbern.org/

Long Island RBERN at ESBOCES Islip Office Center
379 Locust Avenue
Oakdale, NY 11769
Tel: (631) 218-5175
Website: https://www.esboces.org/lirbern

New York City RBERN at Fordham University
441 E. Fordham Road, Bldg. 2536
Hughes Avenue (Off Campus)
Bronx, NY 10458
Tel: (718) 817-0606
Website: https://www.fordham.edu/info/21065/nysnyc_regional_bilingual_education_resource_network

West Region RBERN at Erie I BOCES
355 Harlem Road – Building C
West Seneca, NY 14224
Tel: (716) 821-7546
Website: https://www.rbernwest.e1b.org/en/index.aspx